দি মিলেনিয়াম স্টারস স্কুল এন্ড কলেজ
রংপুর ক্যান্টনমেন্ট
শ্রেণি: অষ্টম

বিষয়: বাংলা প্রথম পত্র (সৃজনশীল + নির্মিতি+ বহুনির্বাচনী প্রশ্ন)

**(সৃজনশীল প্রশ্ন-৪০ নম্বর)**

( একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।)

**ক বিভাগ–গদ্য**

**নিচের উদ্দীপকগুলো পড় এবং তৎসংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:**

১। রিয়াদের পোষা কুকুরটির নাম টম। সকাল থেকে রাত পর্যন্ত টমকে নিয়েই সে ব্যস্ত থাকে। টমকে ছাড়া সে এক মুহূর্ত থাকতে পারে না। টম একদিন সড়ক দুর্ঘটনায় মারা গেলে রিয়াদ খাওয়া-দাওয়া ছেড়ে দেয়। শেষে সে অসুস্থ হয়ে পড়ে এবং না ফেরার দেশে পাড়ি জমায়।

ক) সবচেয়ে ভোরে উঠত কোন পাখি? ১

খ) 'আতিথ্যের মর্যাদা লঙ্ঘন করে সে আরামে নিশ্চিন্ত হয়ে বসে আছে'। ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের সাথে 'অতিথির স্মৃতি' গল্পের সাদৃশ্য অনুসন্ধান কর। ৩

ঘ) পোষা প্রাণির প্রতি ভালোবাসা সমর্থনযোগ্য হলেও রিয়াদের ভালোবাসা সমর্থনযোগ্য নয়।– গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। ইমনের দাদা শহরে ছেলের বাসায় বেড়াতে যায়। সেখানে রাতের বেলা ঘুমাতে গিয়ে ফু দিয়ে বিদ্যুতের বাতি নেভাতে যায়। কিন্তু বিদ্যুতের বাতি নিভাতে না পেরে তিনি ভূতের ভয় পান। চিৎকার করে বলেন, আমাকে কবিরাজের কাছে নিয়ে যাও।

ক) 'তৈলচিত্রের ভূত' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? ১

খ) নগেন অনুতপ্ত হয়েছিল কেন? ২

গ) উদ্দীপকের আলোকে ইমনের দাদার সাথে নগেনের সাদৃশ্য তুলে ধর। ৩

ঘ) উদ্দীপকের ইমনের দাদার চিকিৎসা নেয়া 'তৈলচিত্রের ভূত' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। করিম সাহেব রংপুর সিটি বাজারে বাজার করতে গিয়ে এক সময় তার মানি ব্যাগটি হারিয়ে ফেলেন। অনেক খোঁজাখুঁজির পর সেটিকে আশেপাশে দেখতে না পেয়ে বাসায় ফিরছিলেন। এর কিছুক্ষণ পর জনৈক এক ব্যক্তি তাকে ফোন করে মানিব্যাগটির কথা বললে করিম সাহেব ফিরে গিয়ে উপযুক্ত প্রমাণ দিয়ে সেটি ফিরে পান।

ক) পড়ে পাওয়া রচনাটির উৎস কী? ১

খ) "দুজনেই হঠাৎ ধার্মিক হয়ে উঠলাম"- কথাটি দ্বারা লেখক কী বোঝাতে চেয়েছেন? ২

গ) "পড়ে পাওয়া" গল্পের সাথে উদ্দীপকের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকের জনৈক ব্যক্তি যেন পড়ে পাওয়া গল্পের মূল চেতনারই প্রতিভূ"-উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**খ বিভাগ–কবিতা**

৪। রহিম ও করিম দুই বন্ধু। তারা জন্মভূমি স্বদেশকে প্রাণের চেয়েও বেশি ভালোবাসে। জন্মভূমির প্রকৃতি, ভাষা, সাহিত্য সবকিছু তাদের ভালো লাগে। তাই তারা জন্মভূমিকে ফেলে কোথাও যেতে চায় না। জন্মভূমির আদর-স্নেহ নিয়ে আজীবন বেঁচে থাকতে চায় এবং মৃত্যুর পরও যেন এ জন্মভূমির মাটিতে চিরনিদ্রায় শায়িত হতে পারে। তারা স্রষ্টার কাছে তাই-ই প্রার্থনা করে।

ক. বাংলা ভাষায় রচিত প্রথম মহাকাব্যের নাম কী? ১

খ. "মধুহীন করো না" বলতে কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'বঙ্গভূমির প্রতি' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? নিরূপণ কর। ৩

ঘ. "উদ্দীপকের রহিম ও করিমের জন্মভূমির প্রতি যে টান তা যেন কবি মধুসূদনের বঙ্গভূমির প্রতি টানেরই নামান্তর।"-বিশ্লেষণ কর। ৪

৫। তৌফিক সাহেব একজন শিল্পপতি। জীবনে তার প্রায় সব শখই পূর্ণ হয়েছে। তার অনেক দিনের ইচ্ছা পথশিশুদের জন্য কিছু করা। গাড়ির কাঁচের ভেতর থেকে তিনি পথশিশুদের অনেক কষ্ট অবলোকন করেছেন, কিন্তু শেষ পর্যন্ত কিছুই করা হচ্ছে না। পথশিশুদের জন্য কাজ করলে তাদের কাছে যেতে হবে, তার এ ধরণের কাজকে অন্যরা কীভাবে নিবে একথা ভেবে শেষ পর্যন্ত তিনি এই মহৎ চিন্তা থেকে সরে এসেছেন। তবে এ নিয়ে তার মনে অনেক অশান্তি।

ক) 'সংকল্প' অর্থ কী? ১

খ) 'সংশয়ে সংকল্প সদা টলে' চরণটির মর্মার্থ বুঝিয়ে লেখ। ২

গ) 'পাছে লোকে কিছু বলে' কবিতার কোন দিকটি উদ্দীপকে ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) তৌফিক সাহেবের এ উদ্যোগ কীভাবে সফল করা যেতে পারে? উদ্দীপক ও কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা–
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখতাপে ব্যথিত চিতে নাই বা দিলে সান্ত্বনা,
দুঃখে যেন করিতে পারি জয়॥

ক. "প্রার্থনা" কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১

খ. কবি নিজেকে নিঃসম্বল বলেছেন কেন? ২

গ. উদ্দীপকটি কোন দিক থেকে প্রার্থনা কবিতার সঙ্গে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক ও কবিতাটি একই ভাবধারায় উৎসারিত নয়– বিশ্লেষণ কর । ৪

**নির্মিতি অংশ -৩০ নম্বর**

**৭। যে কোন একটি সারাংশ অথবা সারমর্ম লেখ- ৫**

ক) আনন্দ প্রকাশ জীবনীশক্তির প্রবলতারই প্রকাশ। আনন্দকে আমরা বুঝি রূপ-রস-শব্দ-স্পর্শ-গন্ধ ইত্যাদির সাহায্যে, ইন্দ্রিয় সকলের সাহায্যে। মানুষ যখন আনন্দ পায় তখন সে তার মনকে প্রকাশ করতে চায় – নানা রূপে। তাই সৃষ্টি হলো চিত্রশিল্পী, নৃত্যশিল্পী, সংগীতশিল্পী, কবি, সাহিত্যিক। পুরাকালের

গুহামানুষ থেকে শুরু করে বর্তমান যুগ পর্যন্ত মানুষ নিজের পাওয়া আনন্দকে সুন্দরকে অন্য মানুষের মধ্যে বিস্তার করতে চেয়েছে। তাই সৃষ্টি হয়েছে নানান আঙ্গিকের শিল্পকলা।

**(খ) সারমর্ম ঃ**

ভদ্র মোরা, শান্ত বড়ো, পোষ-মানা এ প্রাণ
বোতাম-আঁটা জামার নিচে শান্তিতে শয়ান।
দেখা হলেই মিষ্ট অতি,
মুখের ভাব শিষ্ট অতি,
অলস দেহ ক্লিষ্ট গতি,
গৃহের প্রতি টান–
তৈল-ঢালা স্নিগ্ধ তনু নিদ্রা রসে ভরা
মাথায় ছোটো বহরে বড় বাঙালি সন্তান।
ইহার চেয়ে হতাম যদি আরব বেদুইন.
চরণতলে বিশাল মরু দিগন্তে বিলীন।
ছুটছে ঘোড়া উড়েছে বালি,
জীবনস্রোত আকাশে ঢালি
হৃদয়-তলে বহ্নি জ্বালি চলেছি নিশিদিন–
বরশা হাতে, ভরসা প্রাণে,
সদাই নিরুদ্দেশ
মরুর ঝড় যেমন বহে সকল বাধা-হীন।

৮। যেকোনো একটি ভাবসম্প্রসারণ কর- ৫

ক) এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূড়ি ভূড়ি
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

খ) জন্মিলে মরিতে হবে অমর কে কোথা কবে
চিরস্থির কবে নীর হায়রে জীবন নদে।

৯। **যে কোন একটি বিষয়ে পত্র লেখ-**

ক) শিক্ষাসফরের গুরুত্ব উল্লেখ করে তোমার স্কুলের প্রধান শিক্ষকের নিকট শিক্ষা সফরে যাওয়ার অনুমতি চেয়ে একটি আবেদন পত্র লেখ।৫

খ) মনে কর তোমার নাম মাসুম। তোমার বন্ধুর নাম রাজিব। সে ঢাকায় থাকে। বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা উল্লেখ করে তার কাছে একটি পত্র লেখ।

১০। **যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর ঃ** **১৫**

(ক) বাংলাদেশের ষড়ঋতু (সূচনা, ষড়ঋতুর পরিচয়, গ্রীষ্মকাল, বর্ষাকাল, শরৎকাল, হেমন্তকাল, শীতকাল, বসন্তকাল, উপসংহার।)

(খ) **ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য** (ভূমিকা, ছাত্রজীবন কি, ছাত্রজীবনের লক্ষ্য, ছাত্রজীবনের কর্তব্য, চরিত্রগঠন, নিয়মানুবর্তিতা, সময়ানুবর্তিতা,অধ্যবসায়, খেলাধুলা ও ব্যায়াম, সহ-শিক্ষা কার্যμমে অংশগ্রহণ, ছাত্রজীবনের দায়িত্ব, উপসংহার ।)

(গ) **অধ্যবসায়** (সূচনা, অধ্যবসায় কী, অধ্যবসায়ের প্রয়োজনীয়তা, ছাত্রজীবনে অধ্যবসায়, অধ্যবসায় ও প্রতিভা , অধ্যবসায়ের উদাহরণ, উপসংহার।)

**(বহুনির্বাচনি প্রশ্ন)**

**১। অতিথির স্মৃতি রচনায় লেখকের সাথে কুকুরটির কী ধরণের সম্পর্ক গড়ে ওঠে?**
ক. স্নেহ প্রীতির খ. দায়িত্বশীলতার
গ. সম্পর্কসূত্রের ঘ. মহত্ত্বপ্রদর্শনের

**২। ভাষার প্রাণ কোনটি ?**
(ক) ধ্বনি (খ) শব্দ
(গ) বাক্য (ঘ) অর্থ

**৩। প্রার্থনা কবিতায় কবি কোনটিকে জগতের আয়ু বলেছেন?**
ক. স্নেহকণা খ. বসন্তের বায়ু
গ. চারু ফুল ফল ঘ. হৃদয়ের শান্তি

৪। **প্রযোজক ধাতুর অপর নাম কী ?**
(ক) ণিজন্ত ধাতু (খ) সাধিত ধাতু
(গ) সংযোগমূলক ধাতু (ঘ) কর্মবাচ্যের ধাতু

**৫। আত্মার শক্তি অপব্যবহারের ফলে–**
i. মনুষ্যত্বের অপমান হয়
ii. দেশের অমঙ্গল হয়
iii. অশুভ শক্তির জয় হয়
নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii খ. ii ও iii গ. iii ঘ. i , ii ও iii

**৬। 'তেঁতুল গাছে ভূত আছে সবাই জানে্" –পড়ে পাওয়া গল্পে এ উক্তির মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে কোনটি?**
ক. ভীতি খ. জড়তা গ. লজ্জা ঘ. অজ্ঞতা

**৭। নিচের কোন শব্দটিতে 'অ'-এর বিকৃত উচ্চারণ হয়েছে?**
(ক) অভিধান (খ) জঞ্জাল
(গ) ক্ষণ (ঘ) কথা

**৮। 'যার ইচ্ছা হবে সে ওর সঙ্গে যেতে পারে' – উক্তিটিতে বিধুর স্বভাবের কোন দিকটি প্রকাশ পায়?**
ক. স্বেচ্ছাচারিতা খ. সহমর্মিতা
গ. নিঃস্বার্থপরতা ঘ. দৃঢ়তা

**৯। প্রথমবার রাত কয়টায় নগেন প্রণাম করতে যায়?**
ক. বারোটায় খ. দুইটায়
গ. তিনটায় ঘ. চারটায়

**১০। উইল শব্দের অর্থ কী?**
**ক) শেষ ইচ্ছাপত্র খ) দানপত্র**
**গ) শেষ দলিল ঘ) প্রতিজ্ঞাপত্র**

**১১।'বাংলায় হিন্দু-মুসলমান বাঙালি অবাঙালি আমাদের ভাই। বলতে কোন চেতনার কথা বোঝানো হয়েছে?**
ক. ইহজাগতিক চেতনা খ. মানবিক চেতনা
গ. অসাম্প্রদায়িক চেতনা ঘ. ধর্মীয় চেতনা

**১২।'পদ্মা-মেঘনা যমুনা তোমার আমার ঠিকানা' – শ্লোগানটি বাংলার কোন আন্দোলনের সাথে সম্পর্কিত?**
ক. রাষ্ট্রভাষা খ. অসহযোগ

গ. ছয় দফা ঘ. গণ-অভ্যুত্থান

**১৩। বাঙালির ২৩ বছরের ইতিহাস মূলত কিসের ইতিহাস?**

ক) সাম্রাজ্যবাদের ইতিহাস খ) সামরিক শাসনের ইতিহাস

গ) বিজয়ের ইতিহাস ঘ) মুমূর্ষু নরনারীর আর্তনাদের ইতিহাস

**উদ্দীপকটি পড়ে নিচের প্রশ্নটির উত্তর দাও**

সবার উপরে মানুষ সত্য

তাহার উপরে নাই

**১৪। উদ্দীপকটিতে মানবধর্ম কবিতার কী প্রকাশ পেয়েছে?**

ক. মানুষের মহিমা ঘোষণা খ. মানুষের গৌরব

গ. মানুষের আশাবাদ ঘ. মানুষের অমরত্ব

**১৫। 'যাচিব যে তব কাছে, হেন অমরতা আমি ' – এখানে অমরতা শব্দটিতে কী প্রকাশ পেয়েছে?**

ক. মৃত্যুহীণ প্রাণ খ. অবিনশ্বর আত্মা

গ. মৃত্যুঞ্জয়ী শরীর ঘ. অবিনশ্বর দেহ

**১৬।মৌলিক স্বরধ্বনি মোট কতটি ?**

(ক) চার (খ) পাঁচ

(গ) ছয় (ঘ) সাত

**১৭।চাকমা জনগোষ্ঠী কোন ভাষায় কথা বলে ?**

(ক) চাংমা (খ) গড়িয়া

(গ) মাচিক (ঘ) আচিক

**১৮।শব্দের মধ্যে বা শেষে 'ব' বা 'ম'-এর সঙ্গে ব-ফলা যুক্ত হলে ব-এর উচ্চারণ বজায় থাকে নিচের কোনটিতে ?**

(ক) দিগ্বলয় (খ) বিল্ব

(গ) তিব্বত (ঘ) উদ্বেল

**১৯। ব্যঞ্জনবর্ণের 'ফলা' কতটি ?**

(ক) তিন (খ) চার

(গ) পাঁচ (ঘ) ছয়

**২০।সন্ধিতে ধ্বনির কত ধরণের মিলন ঘটে ?**

(ক) তিন (খ) চার

(গ) পাঁচ (ঘ) ছয়

**২১।'রেখো মা দাসেরে মনে'– এ পঙক্তিতে প্রকাশ পেয়েছে মাইকেল মধুসূদন দত্তের –**

ক. বিনয় খ. স্মৃতিকাতরতা

গ. স্বদেশপ্রেম ঘ.প্রকৃতিপ্রীতি

**২২। 'সে মাটি সোনার বাড়া' – এ চরণটিতে প্রকাশ পেয়েছে–**

ক. মৃত্তিকার প্রতি ভালোবাসা

খ. দেশমাতৃকা তথা জন্মভূমির প্রেম

গ. মাটির মতো সোনা

ঘ. মাটির মূল্য সোনার মতো

**২৩। পাছে লোকে কিছু বলে কবিতায় কবি নিজেকে সংগোপনে রাখেন?**

ক. সংকোচের কারণে খ. সংশয়ের কারণে

গ. লজ্জার কারণে ঘ. দুর্বলতার কারণে

**২৪। কামিনী রায়ের কবিতা তাৎপর্য অর্জন করেছে কীভাবে?**

ক) আনন্দ- বেদনার সহজ-সরল প্রকাশে

খ) দরিদ্রদের কথা তুলে ধরার জন্য

গ) মার্কসবাদী চেতনা প্রকাশ করার জন্য

ঘ) ভালোবাসার সহজ প্রকাশের জন্য

**২৫। নিচের কোনগুলো কণ্ঠতালব্য ধ্বনির উদাহরণ?**

(ক) ও, ঔ (খ) অ, আ

(গ) এ, ঐ (ঘ) উ, ঊ

**২৬। বাবা আমাকে একটি জামা কিনে দিলেন- এটি কোন ক্রিয়ার উদাহরণ?**

(ক) দ্বিকর্মক ক্রিয়া (খ) যৌগিক ক্রিয়া

(গ) অকর্মক ক্রিয়া (ঘ) মিশ্রক্রিয়া

**২৭। কোন শব্দে ব্যঞ্জন বর্ণের পূর্ণরূপ শব্দের মধ্যে ব্যবহৃত হয়েছে?**

(ক) টগর (খ) কাকলি (গ) আম (ঘ) কবিতা

**২৮। অ-এর স্বাভাবিক উচ্চারণ রক্ষিত হয়েছে কোথায়?**

(ক) অভিধান (খ) মৌন

(গ) অতি (ঘ) গয়না

**২৯। মাতৃভাষার বিবেচনায় বাংলা ভাষার স্থান কত?**

(ক) তৃতীয় (খ) চতুর্থ (গ) পঞ্চম (ঘ) ষষ্ঠ

**৩০। নিচের কোন শব্দের 'অ' এর উচ্চারণ স্বাভাবিক?**

ক) মৌন খ) অতনু

গ) শপথ ঘ) নদী